

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৪৩৩(আগরতলা, ২০১৩)

অমরপুর, ২০ মার্চ ২০১৭

**গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা : অমরপুরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

আগামী ২৯ মার্চ থেকে অমরপুর মহকুমায় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিকে সফল করে তোলার লক্ষ্যে অমরপুর মহকুমা ক্রীড়া আধিকারিক কার্যালয়ের সভাকক্ষে সম্প্রতি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, আগামী ২৯ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত গ্রামস্তর থেকে পর্যায়ক্রমে মহকুমা স্তরে বিভিন্ন গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় জানানো হয়, প্রতিযোগিতায় ৩ হাজার ৭২৪ জন প্রতিযোগী অংশ গ্রহণ করবে। উক্ত প্রতিযোগিতাকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তীকে চেয়ারম্যান করে মহকুমা ভিত্তিক একটি কমিটি গঠন করা হয়। এদিনের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক পরিমল দেবনাথ, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী, গোমতী জিলা পরিষদের সদস্য তরুণ পাল, ডালাক সাব জোনালের সাব জেড ডি ও।

\*\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)